

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৯০৩

পর্ব-১৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائل وَالشَّمَائل)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - মু'জিযার বর্ণনা

الفصل الاول (باب في المعجزا)

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا خَطَبَ اسْتَنَدَ إِلَى جِذْعِ نَخْلَةٍ مِنْ سَوَارِي الْمَسْجِدِ فَلَمَّا صِبُنِعَ لَهُ الْمِنْبَرُ فَاسْتَوَى عَلَيْهِ صَاحَتِ النَّخْلَةُ الَّتِي كَانَ يَخْطُبُ عَنْدَهَا حَتَّى الْمَعْبُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى أَخَذَهَا فَضَمَّهَا إِلَيْهِ عِنْدَهَا حَتَّى كَادَت تَنْشَقَّ فَنَزَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى أَخَذَهَا فَضَمَّهَا إِلَيْهِ فَجَعَلَتْ تَبُنُ أَنِينَ الصَّبِيِّ الَّذِي يُسَكَّتُ حَتَّى اسْتَقَرَّتْ قَالَ بَكَتْ عَلَى مَا كَانَتْ تَسْمَعُ مِنَ الذِي رُواهُ البُخَارِي

رواه البخارى (2095) ـ (صَحِيح)

বাংলা

৫৯০৩-[৩৬] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী (সা.) জুমু'আর খুৎবা দেয়ার সময় মসজিদের খুঁটিসমূহের মধ্যে খেজুর গাছের একটি কাণ্ডের সাথে ঠেক দিয়ে খুৎবা দিতেন। অতঃপর যখন তাঁর জন্য মিম্বার তৈরি হলো, তখন তিনি (সা.) তাতে (খুৎবার জন্য) দাঁড়ালেন। সে সময় উক্ত কাণ্ডটি- যার পার্শ্বে দাঁড়িয়ে তিনি (সা.) খুৎবা দিচ্ছিলেন, অকস্মাৎ চিৎকার করে উঠল। এমনকি (শোকে ও দুঃখে) তা টুকরা টুকরা হওয়ার উপক্রম হলো। তখন নবী (সা.) মিম্বার হতে নেমে এসে খেজুর গাছটিকে বুকের সাথে জড়িয়ে ধরলেন। গাছটি তখন ঐ শিশুর মতো কাঁদতে লাগল, যে শিশুকে (আদর-সোহাগ করে) চুপ করানো হয়। অবশেষে তা স্থির হলো। অতঃপর নবী (সা.) বললেন, আল্লাহর গুণকীর্তন ও প্রশংসা যা কিছু তা শুনত, এখন শুনতে না পেয়ে তা কান্না জুড়ে দিয়েছিল। (বুখারী)

ফুটনোট



সহীহ: বুখারী ২০৯৫, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৫৯০৮, মুসনাদে আহমাদ ১৪৫০৯, শাফিঈ ২৭৬, মারিফাতুস সুনান ওয়াল আসার ১৭৪০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: অর্থাৎ যে কথা ও আলোচনা শুনত তা না শুনতে পারার কারণে সে কেঁদে ফেলল।
মিরকাত প্রণেতা বলেন, আলোচনা শুনার দ্বারা এখানে উদ্দেশ্য হলো আলোচনাকারী তথা নবী (সা.) - এর
নৈকট্য। আর নতুন করে মিম্বার তৈরি করার কারণে যেহেতু রাসূল (সা.) সেখান থেকে সরে অন্য জায়গায়
দাঁড়ানো শুরু করেছেন। তাই খেজুর বৃক্ষের সেই কাণ্ডটি তার বিচ্ছেদে কাঁদতে শুরু করল। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85879

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন